দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 25 APR 2017
পৃষ্ঠা ৭ ৫ ... কলাম ... ৫ ......

# ভুল সময়ের জন্য ১৫ মিনিট হারিয়ে গেল পরীক্ষার্থীদের

## উচ্চ মাধ্যমিক পরীক্ষা

■ **ইত্তেফাক রিপোর্ট**

পরীক্ষার প্রশ্নপত্রে সময় ভুল থাকায় বিপাকে পড়েছে সংশ্লিষ্ট এইচএসসি পরীক্ষার্থীরা। সময় ভুল থাকায় ১৫ মিনিট সময় কম পেয়েছে তারা। তবে কিছু প্রশ্নে এমন ভুল ছিল দাবি করেছে ঢাকা শিক্ষা বোর্ড। আর এতেই বিপত্তি পরীক্ষার্থীদের।

শিক্ষার্থীদের দাবি, সব প্রশ্নে ভুল থাকলে সব শিক্ষার্থী কম সময় পেতো। ভুল সময় লেখা প্রশ্ন যারা পেয়েছে এখন শুধু তারাই ক্ষতিগ্রস্ত হবে। এ কারণে বিষয়টি বিবেচনায় নিয়ে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের খাতা মূল্যায়ন দাবি করেছেন।

শিক্ষার্থীদের বক্তব্য, গতকাল সোমবার এইচএসসিতে বিজ্ঞানের পদার্থ বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়। প্রশ্নপত্রে সময় ২ ঘণ্টা ৩৫ মিনিট উল্লেখ করার কথা থাকলেও লেখা হয়েছে ২ ঘণ্টা ২০ মিনিট।

তেজগাঁও কলেজে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষায় অংশ নেওয়া একাধিক পরীক্ষার্থীর অভিভাবক এই প্রতিবেদককে জানিয়েছেন, ৩টি পরীক্ষা হল থেকে ১৫ মিনিট আগে উত্তরপত্র জমা নেওয়া হয়। কিন্তু তখনো অন্য হলগুলোতে নিয়ম অনুযায়ী পরীক্ষা চলছিল। এই হলগুলোতে হলিক্রস কলেজের শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নেয়।

ঢাকা শিক্ষাবোর্ডের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক অদ্বৈত কুমার রায় বিষয়টির সত্যতা স্বীকার করে ইত্তেফাককে বলেন, কিছু প্রশ্নে এমন ভুল ছিল। এটা হয়তো বিজিপ্রেস থেকে হয়েছে। তিনি জানান, সকাল নয়টায় বিষয়টি জানার পর সব পরীক্ষা কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাদের মোবাইল এসএমএসের মাধ্যমে জানানো হয়েছে। এ কারণে ১৫ মিনিট আগে খাতা নেওয়ার কথা নয়। তিনি জানান, প্রশ্নপত্রের পাণ্ডুলিপি আমরা সিলগালা করে বিজিপ্রেসে পাঠাই।